বাংলাদেশ কম্পিউটার সমিতি
BANGLADESH COMPUTER SAMITY
12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

২০১০ - ২০১১ মেয়াদকালের কার্যনির্বাহী কমিটি'র ৩য় সভার কার্যবিবরণী

স্থান : বিসিএস কার্যালয়

তারিখ : সোমবার, ১৮ জানুয়ারি ২০১০

সময় : বিকাল ৬:০০মি.

সভাপতি : জনাব মোস্তাফা জব্বার

উপস্থিতি:

জনাব কাজী আশরাফুল আলম	-	সহ-সভাপতি
জনাব মজিবুর রহমান স্বপন	-	মহাসচিব
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল)	-	যুগ্ম-মহাসচিব
জনাব মোঃ আক্তারুজ্জামান	-	কোষাধ্যক্ষ
জনাব ইউসুফ আলী শামীম	-	পরিচালক
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর	-	পরিচালক

সভার আলোচ্যসূচি নিম্নরূপ:

১. বিগত ৯ জানুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন
২. বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ
৩. বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজনের প্রস্তুতি প্রসঙ্গে
৪. অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজন প্রসঙ্গে
৫. বিসিএস ডিজিটাল এক্সপো খুলনা ২০১০ আয়োজনের প্রস্তুতি প্রসঙ্গে
৬. সমিতিতে সদস্যপদে ভর্তির আবেদনপত্রের সংশোধনী এবং সদস্যতা প্রসঙ্গে
৭. বিবিধ

সভার শুরুতে সদ্য প্রয়াত উপমহাদেশের প্রখ্যাত কমিউনিস্ট নেতা এবং পশ্চিম বঙ্গের সাবেক মুখ্যমন্ত্রী জ্যোতি বসুর মৃত্যুতে শোক প্রকাশ করা হয়। এরপর উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন এবং এতে পর্যায়ক্রমে নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্তাবলি গৃহীত হয়:

আলোচ্যসূচি-১ : বিগত ২ জানুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটি'র সভার কার্যবিবরণী অনুমোদন

আলোচনা : সভাপতি বিগত ৯ জানুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী আজকের সভায় উপস্থাপন করেন। এ ব্যাপারে সভাপতি পরিচালকদের মতামত জানতে

চাইলে এটি সঠিকভাবে লিপিবদ্ধ হয়েছে বলে সবাই মত পেশ করেন। এতে সভাপতি উক্ত কার্যবিবরণী অনুমোদিত বলে সভায় ঘোষণা প্রদান করেন।

সিদ্ধান্ত : বিগত ৯ জানুয়ারি ২০১০ তারিখে অনুষ্ঠিত কার্যনির্বাহী কমিটির সভার কার্যবিবরণী অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-২ : বিগত কার্যনির্বাহী কমিটি'র সভাসমূহে গৃহীত সিদ্ধান্তাবলির অগ্রগতি পর্যালোচনা এবং পরিচালকদের কর্মকাণ্ড সম্পর্কে অবহিতকরণ

আলোচনা : সভাপতি পরিচালকদের নিকট তাদের কর্মকাণ্ডের বিবরণী পেশ করার জন্য অনুরোধ জানান। এতে সভাপতি নিজে তার নিম্নলিখিত কার্যবিবরণী পেশ করেন:

সভাপতির কর্মকাণ্ড

১০ - ১৮ জানুয়ারি ২০১০

১০ থেকে ১৩ জানুয়ারি ২০১০ পর্যন্ত সভাপতি প্রধানমন্ত্রী শেখ হাসিনার সফরসঙ্গী হিসেবে ভারত সফর করেন। ১৬ জানুয়ারি ২০১০ সভাপতি বিআইজেএফ আয়োজিত ডিজিটাল বাংলাদেশ বিষয়ক গোলটেবিল বৈঠকে যোগদান করেন। ১৭ জানুয়ারি ২০১০ বিকেল ৩টায় তিনি বিসিসি'র আইসিটি ইনক্যুবেটর স্টিয়ারিং কমিটির সভা ও বিকেল ৪টায় বিসিসি'র কম্পিউটার ক্রয় সংক্রান্ত মত বিনিময় সভায় যোগদান করেন। ১৮ জানুয়ারি ২০১০ বিকেল ৩টায় তিনি ইইএফ ফান্ডের কারিগরি সাব-কমিটির সভায় যোগ দেন।

সভাপতি সভায় অবহিত করেন, গতকাল ১৭ জানুয়ারি ২০১০ তারিখ বাংলাদেশ কম্পিউটার কাউন্সিলে অনুষ্ঠিত আইসিটি ইনক্যুবেটর স্টিয়ারিং কমিটির সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় বাংলাদেশ কম্পিউটার সমিতির পক্ষে তিনি বিসিসি ভবনের বর্ধিত অংশে বিসিএস একটি আইসিটি ইনক্যুবেটর তথা সফটওয়্যার পার্ক স্থাপন ও পরিচালনার প্রস্তাব করেছেন। সে মোতাবেক বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের নিকট আনুষ্ঠানিক প্রস্তাব পাঠানোর প্রয়োজন। এ ব্যাপারে সকলে একমত পোষণ করেন।

সিদ্ধান্ত : বাংলাদেশ কম্পিউটার সমিতি বিসিসি ভবনের বর্ধিত অংশে একটি আইসিটি ইনক্যুবেটর তথা সফটওয়্যার পার্ক স্থাপন ও পরিচালনার জন্য বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ের নিকট আনুষ্ঠানিক প্রস্তাব পেশ করবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৩ : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজনের প্রস্তুতি প্রসঙ্গে

আলোচনা : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর সভায় অবহিত করেন, গতকাল ১৭ জানুয়ারি ২০১০ তারিখে বিসিএস কার্যালয়ে তিনি এবং বিসিএস কোষাধ্যক্ষ জনাব মোঃ আক্তারুজ্জামান ঢাকা শেরাটন হোটেলের প্রতিনিধিদের সাথে এক বৈঠকে মিলিত হন। এতে ঢাকা শেরাটন হোটেলের প্রতিনিধিরা প্রদর্শনীর ভাড়া বাবদ একটি প্রাথমিক প্রস্তাব পেশ করেন। তবে তিনি অভিমত ব্যক্ত করেন, শেরাটন-এর উর্ধতন কর্তৃপক্ষের সাথে ভেন্যু ভাড়া সংক্রান্ত বিষয়ে সভাপতি পর্যায়ে আলাপ-আলোচনা করার প্রয়োজন রয়েছে। এ ব্যাপারে সকলে একমত পোষণ করেন।

সভাপতি সভায় জানতে চান, প্রদর্শনীতে স্টল ও প্যাভিলিয়নের ভাড়া কত হওয়া উচিত। এতে সকলেই একমত পোষণ করেন যে, বিসিএস সদস্যদের জন্য স্টল প্রতি ৩০,০০০.০০ টাকা ও অন্যদের জন্য তা ৩৫,০০০.০০ টাকা এবং প্যাভিলিয়নের প্রতি বর্গফুট জায়গা বিসিএস সদস্যদের জন্য ৩০০.০০ টাকা এবং অন্যদের জন্য ৩৫০.০০ টাকা হবে বলে সকলে একমত পোষণ করেন।

মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন প্রস্তাব করেন, প্রদর্শনীতে ৪০% এলাকা জুড়ে অবাণিজ্যিকভাবে ডিজিটাল জীবনধারা বিষয়ক প্রযুক্তি প্রদর্শনের প্রাধান্য দেওয়া উচিত। এতে সভাপতি বলেন, প্রদর্শনী স্থলে ডিজিটাল জীবনধারা ও উদ্ভাবনী এলাকা নামে একটি এলাকা নির্ধারণ করা যেতে পারে। তবে তার জন্য ৪০% জায়গা বলে নির্দিষ্ট কোন পরিমাণ নির্ধারণ না করাই ভালো। এ প্রস্তাবে সকলে একমত পোষণ করেন।

এরপর সভাপতি বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ -এর আয়োজক কমিটি গঠনের ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চান। এতে তারা উক্ত প্রদর্শনীর জন্য সংযুক্ত তালিকা ১ মোতাবেক পূর্ণাঙ্গ মূল আয়োজক কমিটি এবং বিভিন্ন উপ-কমিটি'র চেয়ারম্যান ও সদস্য সচিব অথবা শুধুমাত্র চেয়ারম্যান মনোনয়নে একমত পোষণ করেন। চেয়ারম্যানবৃন্দ অনতিবিলম্বে তাদের স্ব স্ব উপ-কমিটি পূর্ণাঙ্গভাবে গঠন করে বিসিএস সচিবালয়ে জানিয়ে দেবার ব্যাপারে সম্মত হন।

প্রদর্শনীর আহ্বায়ক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর সভায় অবহিত করেন, তিনি প্রদর্শনীর বিভিন্ন উপ-কমিটির চেয়ারম্যানদের দায়িত্বের একটি তালিকা প্রণয়ন করে দেবেন - যাতে করে তাদের কাজের সুবিধা হবে। তিনি প্রদর্শনীর জন্য প্রকাশিতব্য সুভেনিরে বিজ্ঞাপন সংগ্রহের ব্যাপারে সকল পরিচালককে অনুরোধ জানান। এ ব্যাপারে সকলে সায় প্রদান করেন। সহ-সভাপতি জনাব কাজী আশরাফুল আলম প্রস্তাব করেন, প্রদর্শনীর অন্তত একমাস পূর্ব থেকে ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বিলবোর্ড টাঙ্গানো উচিত। এ প্রস্তাবে সবাই একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০ আয়োজনস্থল ঢাকা শেরাটন হোটেলের ঊর্ধতন কর্তৃপক্ষের সাথে ভেন্যু ভাড়া সংক্রান্ত বিষয়ে সভাপতি পর্যায়ে আলাপ-আলোচনা করার হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রদর্শনীতে স্টল ও প্যাভিলিয়নের ভাড়া বাবদ বিসিএস সদস্যদের জন্য স্টল প্রতি ৩০,০০০.০০ টাকা ও অন্যদের জন্য তা ৩৫,০০০.০০ টাকা এবং প্যাভিলিয়নের প্রতি বর্গফুট জায়গা বিসিএস সদস্যদের জন্য ৩০০.০০ টাকা এবং অন্যদের জন্য ৩৫০.০০ টাকা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- প্রদর্শনী স্থলে ডিজিটাল জীবনধারা ও উদ্ভাবনী এলাকা নামে একটি এলাকা নির্ধারণ পূর্বক সেখানে সংশ্লিষ্ট বিষয়াদি প্রদর্শন করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।
- সংযুক্তি-১ অনুযায়ী বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর জন্য পূর্ণাঙ্গ মূল আয়োজক কমিটি এবং বিভিন্ন উপ-কমিটি'র চেয়ারম্যান ও সদস্য সচিব অথবা শুধুমাত্র চেয়ারম্যান মনোনয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। চেয়ারম্যানবৃন্দ অনতিবিলম্বে তাদের স্ব স্ব উপ-কমিটি পূর্ণাঙ্গভাবে গঠন করে বিসিএস সচিবালয়ে জানিয়ে দেবার ব্যাপারে সম্মত হন।
- কাজের সুবিধার্থে বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর বিভিন্ন উপ-কমিটির চেয়ারম্যানদের দায়িত্বের একটি তালিকা প্রদর্শনীর আহ্বায়ক প্রণয়ন করে দেবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

- প্রদর্শনীর অন্তত একমাস পূর্ব থেকে ঢাকা শহরের বিভিন্ন গুরুত্বপূর্ণ স্থানে বিলবোর্ড টাঙ্গানো হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৪ : অ্যাসোসিও মাল্টিল্যাটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজন প্রসঙ্গে

আলোচনা : সভাপতি অ্যাসোসিও মাল্টিল্যটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০ আয়োজক কমিটি গঠনের ব্যাপারে পরিচালকদের অভিমত জানতে চান। এতে পরিচালকবৃন্দ এ অভিমত ব্যক্ত করেন যে, অ্যাসোসিও'র ডেপুটি প্রেসিডেন্ট জনাব আব্দুল্লাহ্ এইচ কাফীকে চেয়ারম্যান করে এ কমিটি গঠন করা প্রয়োজন। সংশ্লিষ্ট সকলের সাথে আলাপ-আলোচনা পূর্বক একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন এবং উক্ত অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে অনুষ্ঠানসূচি প্রণয়নের জন্য জনাব কাফীকে অনুরোধ জানানো উচিত বলেও তারা অভিমত ব্যক্ত করেন।

সিদ্ধান্ত : অ্যাসোসিও'র ডেপুটি প্রেসিডেন্ট জনাব আব্দুল্লাহ্ এইচ কাফীকে চেয়ারম্যান করে অ্যাসোসিও মাল্টিল্যটার‍্যাল ট্রেড ভিজিট ২০১০-এর আয়োজক কমিটি গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়। সংশ্লিষ্ট সকলের সাথে আলাপ-আলোচনা পূর্বক একটি পূর্ণাঙ্গ কমিটি গঠন এবং উক্ত অনুষ্ঠান আয়োজনের ব্যাপারে অনুষ্ঠানসূচি প্রণয়নের জন্য জনাব কাফীকে অনুরোধ জানানো হবে বলেও সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৫ : বিসিএস ডিজিটাল এক্সপো খুলনা ২০১০ আয়োজনের প্রস্তুতি প্রসঙ্গে

আলোচনা : বিসিএস ডিজিটাল এক্সপো খুলনা ২০১০-এর কেন্দ্রীয় সমন্বয়কারী জনাব কাজী আশরাফুল আলম জানান, তিনি ইতোমধ্যে সরেজমিনে খুলনার প্রদর্শনী স্থান ঘুরে দেখে এসেছেন এবং সেখানকার শাখা কমিটির সাথে উক্ত প্রদর্শনী আয়োজনের ব্যাপারে বিস্তারিত আলাপ করেছেন। তিনি বলেন, উক্ত প্রদর্শনী সফলভাবে আয়োজন করার জন্য বিসিএস পরিচালকবৃন্দের সক্রিয় সর্বোত সহায়তা প্রয়োজন। এ ব্যাপারে সকলে সায় প্রদান করেন।

সিদ্ধান্ত : বিসিএস ডিজিটাল এক্সপো খুলনা ২০১০ সফলভাবে আয়োজনের ব্যাপারে বিসিএস পরিচালকবৃন্দ সক্রিয় সর্বোত সহায়তা প্রদান করবেন বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আলোচ্যসূচি-৬ : সমিতিতে সদস্যপদে ভর্তির আবেদনপত্রের সংশোধনী এবং সদস্যতা প্রসঙ্গে

আলোচনা :

- ইতোমধ্যে হালনাগাদকৃত সদস্যপদে ভর্তির আবেদনপত্র সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম সভায় উপস্থাপন করেন (সংযুক্তি-২)। হালনাগাদকৃত আবেদনপত্রটি অনুমোদনযোগ্য কিনা সভাপতি তা জানতে চাইলে পরিচালকবৃন্দ এ ব্যাপারে ইতিবাচক সাড়া প্রদান করেন।
- সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম যাচাই-বাছাই, পরীক্ষা-নিরীক্ষা ও সরেজমিনে পরিদর্শন শেষে সদস্যপদ উপ-কমিটির চেয়ারম্যান জনাব কাজী আশরাফুল আলম ইকারুস ইনফোটেক লিঃ, খান কম্পিউটারস এণ্ড ইলেকট্রনিকস, টেকভ্যালী সলিউশনস লিমিটেড, সিনেটকম ট্যাকনোজিস বাংলাদেশ প্রাঃ লিঃ এবং রহমান কর্পোরেশন কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ আবেদনপত্র সভায় উপস্থাপন করেন। সভাপতি এ ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চাইলে তারা উল্লিখিত কোম্পানিগুলোর সমিতিতে সদস্যপদ অনুমোদনের সায় প্রদান করেন।

সিদ্ধান্ত :

- সমিতিতে সদস্যপদে ভর্তির জন্য হালনাগাদকৃত আবেদনপত্র (সংযুক্তি-২) অনুমোদিত

বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

- সমিতিতে নিম্নলিখিত কোম্পানিগুলোর সদস্যপদ অনুমোদিত বলে সিদ্ধান্ত গৃহীত হয়:

কোম্পানির নাম	সদস্য নং
ইকারুস ইনফোটেক লিঃ	৭৪২
খান কম্পিউটারস এণ্ড ইলেকট্রনিকস	৭৪৩
টেকভ্যালী সলিউশনস লিমিটেড	৭৪৪
সিনেটকম ট্যাকনোজিস বাংলাদেশ প্রাঃ লিঃ	৭৪৫
রহমান কর্পোরেশন	৭৪৬

আলোচ্যসূচি-৭ : বিবিধ

আলোচনা :

- সভাপতি আইসিটি বিজনেস প্রমোশন কাউন্সিল হতে বিসিএস-এর নামে বরাদ্দকৃত অর্থ পুনর্বিন্যাসের ব্যাপারে পরিচালকদের মতামত জানতে চান। এতে মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সদস্যদের প্রশিক্ষণের বিষয়টির উপর গুরুত্বারোপ করা প্রয়োজন বলে অভিমত ব্যক্ত করেন। পরিচালক জনাব ইউসুফ আলী শামীম আগামী মে মাসে হল্যান্ডে অনুষ্ঠিতব্য বিশ্ব আইটি কংগ্রেসে যোগদানের বিষয়টি অন্তর্ভুক্ত করা যায় কিনা সে ব্যাপারে খেয়াল রাখার অনুরোধ জানান। সভাপতি এসব আলোচনার পরিপ্রেক্ষিতে বিসিএস-এর জন্য আইবিপিসি'র তহবিল থেকে বরাদ্দকৃত অর্থ পুনর্বিন্যাস পূর্বক একটি কার্যক্রমের তালিকা প্রণয়ন করা হবে বলে জানান এবং এটি প্রস্তুত করে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপনের জন্য চীফ্ অপারেটিং অফিসারকে নির্দেশ প্রদান করেন।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, বিসিএস-এর অন্যতম সদস্য কোম্পানি সেফ আইটি সার্ভিসেস লি: বিসিএস-এর গোটা কার্যালয়ে সৌজন্যমূলক ওয়াই-ফাই নেটওয়ার্ক স্থাপন করে দিয়েছে। এ জন্য তিনি সেফ আইটি সার্ভিসেসকে ধন্যবাদ জানানোর প্রস্তাব করেন। এ ব্যাপারে সবাই একমত পোষণ করেন।
- মহাসচিব সভায় অবহিত করেন, বিসিএস-এর ই-মেইল পদ্ধতি ইতোমধ্যে জিমেইলে স্থানান্তর পূর্বক বিসিএস-এর সচিবালয় থেকে সমিতির করপোরেট ই-মেইল ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ করা হচ্ছে। এ কাজে সমিতির অন্যতম সদস্য কোম্পানি টেকনোবিডি ওয়েব সলিউশনস (প্রাঃ) লি. কারিগরি সহায়তা প্রদান করেছে বিধায় তিনি উক্ত কোম্পানিকে ধন্যবাদ জানানোর প্রস্তাব করেন।
- মহাসচিব সভায় অবহিত করেন, বিসিএস সচিবালয়ে কর্মরত কর্মকর্তা-কর্মচারীদেরকে ইতোমধ্যে কর্মকাণ্ডের দায়িত্ব বণ্টন করে দেয়া হয়েছে। তিনি জানান, বিসিএস-এর কর্মকাণ্ডের উপর তিনি একটি ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা করবেন।
- কোষাধ্যক্ষ জনাব মোঃ আক্তারুজ্জামান বলেন, বিসিএস কার্যালয়ে ইতিমধ্যে দিনের ভাউচার দিনে করার ব্যবস্থা করা হয়েছে।
- মহাসচিব জনাব মজিবুর রহমান স্বপন সভায় অবহিত করেন, সচিবালয়ে ইতিমধ্যে ইনভেন্টরী সিস্টেম এবং চিঠি গ্রহণ ও পাঠানোর চেকিং ব্যবস্থা চালু করা হয়েছে।
- পরিচালক জনাব মোঃ শাহিদ-উল-মুনীর জানান ডিজিটাল বিশ্ববিদ্যালয় স্থাপনের ব্যাপারে বিগত ১২ জানুয়ারি ২০১০ তারিখে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি মন্ত্রণালয়ে অনুষ্ঠিত সভায় তিনি এবং সমিতির চীফ অপারেটিং অফিসার বীরেন্দ্র নাথ অধিকারী যোগদান করেন। উক্ত সভায় বিশ্ববিদ্যালয়ের ব্যাপারে জমি বরাদ্দের বিষয়টি প্রাধান্য পায়।

তিনি আরও জানান, সরকারি কর্মকর্তাদের মতে বিসিএস বেসরকারি সংগঠন বিধায় বিদেশি কোন সরকার বা দাতা সংস্থার নিকট থেকে বাংলাদেশ সরকারের মাধ্যমে আর্থিক বরাদ্দ পাওয়া সম্ভব হবে না। তাই বিশ্ববিদ্যালয় স্থাপনে বিকল্পভাবে অর্থের সংকুলান করতে হবে। এ ব্যাপারে পরবর্তী পর্যায়ে প্রয়োজনে সমিতির সদস্যদের অন্তর্ভুক্ত করে বৃহত্তর পরিসরে আলাপ-আলোচনা পূর্বক পদক্ষেপ গ্রহণ করা উচিত বলে তিনি মনে করেন - যার সাথে অন্যান্য সকল পরিচালক একমত পোষণ করেন।

সিদ্ধান্ত :

- বিসিএস-এর জন্য আইবিপিসি'র তহবিল থেকে বরাদ্দকৃত অর্থ পুনর্বিন্যাস পূর্বক একটি কার্যক্রমের তালিকা প্রণয়ন করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। চীফ্ অপারেটিং অফিসার সেটি প্রস্তুত করে পরবর্তী কার্যনির্বাহী কমিটির সভায় উপস্থাপন করবেন।
- বিসিএস-এর অন্যতম সদস্য কোম্পানি সেফ আইটি সার্ভিসেস লি: বিসিএস সচিবালয়ে সৌজন্যমূলক ওয়াই-ফাই নেটওয়ার্ক স্থাপন করে দেবার কারণে উক্ত কোম্পানিকে ধন্যবাদ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- বিসিএস-এর ই-মেইল পদ্ধতি ইতোমধ্যে জিমেইলে স্থানান্তর পূর্বক বিসিএস-এর সচিবালয় থেকে সমিতির করপোরেট ই-মেইল ব্যবস্থাপনা নিয়ন্ত্রণ করার কাজে সমিতির অন্যতম সদস্য কোম্পানি টেকনোবিডি ওয়েব সলিউশনস (প্রাঃ) লি. কারিগরি সহায়তা প্রদান করেছে বিধায় উক্ত কোম্পানিকে ধন্যবাদ জানানোর সিদ্ধান্ত গৃহীত হয়।
- মহাসচিব জনাব মজিবুর রহমান বিসিএস-এর বিভিন্ন কর্মকাণ্ডের উপর একটি ওয়ার্কশপ আয়োজনের ব্যবস্থা করার স্বেচ্ছা-দায়িত্ব গ্রহণ করেন।
- বিসিএস বেসরকারি সংগঠন হবার কারণে বিদেশি কোন সরকার বা দাতা সংস্থার নিকট থেকে বাংলাদেশ সরকারের মাধ্যমে আর্থিক বরাদ্দ পাওয়া সম্ভব হবে না বিধায় ডিজিটাল বিশ্ববিদ্যালয় স্থাপনে বিকল্পভাবে অর্থের সংকুলান করতে হবে এবং এ ব্যাপারে পরবর্তী পর্যায়ে প্রয়োজনে সমিতির সদস্যদের অন্তর্ভূক্ত করে বৃহত্তর পরিসরে আলাপ-আলোচনা পূর্বক পদক্ষেপ গ্রহণ করা হবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়।

আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ সমাপ্তি ঘোষণা করেন।

মোস্তাফা জব্বার
সভাপতি

সংযুক্তি-১ : বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আয়োজক কমিটি (অসমাপ্ত)

সংযুক্তি-২ : সমিতিতে সদস্যপদে ভর্তির জন্য হালনাগাদকৃত আবেদনপত্র

বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

12th floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka 1000, Bangladesh

সংযুক্তি-১

বিসিএস ডিজিটাল এক্সপো ২০১০-এর আয়োজক কমিটি (অসমাপ্ত)

মূল আয়োজক কমিটি

জনাব মোস্তাফা জব্বার, সভাপতি, বিসিএস
জনাব কাজী আশরাফুল আলম, সহ-সভাপতি, বিসিএস
জনাব মজিবুর রহমান স্বপন, মহাসচিব, বিসিএস
জনাব নাজমুল আলম ভূঁইয়া (জুয়েল), যুগ্ম-মহাসচিব, বিসিএস
জনাব মোঃ আক্তারুজ্জামান, কোষাধ্যক্ষ, বিসিএস
জনাব ইউসুফ আলী শামীম, পরিচালক বিসিএস
জনাব মোঃ শাহিদ-উল-মুনীর, পরিচালক, বিসিএস

আহ্বায়ক

জনাব মোঃ শাহিদ-উল-মুনীর, পরিচালক, বিসিএস

অভ্যর্থনা উপ-কমিটি

জনাব মোস্তাফা জব্বার, চেয়ারম্যান

নিরাপত্তা উপ-কমিটি

জনাব কাজী আশরাফুল আলম, চেয়ারম্যান

মিডিয়া উপ-কমিটি

জনাব মজিবুর রহমান স্বপন, চেয়ারম্যান
জনাব মুসা কামাল মিহির, সদস্য সচিব

ডিজিটাল লাইফস্টাইল উপ-কমিটি

জনাব মজিবুর রহমান স্বপন, চেয়ারম্যান

লজিস্টিক উপ-কমিটি

জনাব নাজমুল আলম (জুয়েল), চেয়ারম্যান
জনাব এম.এস. ওয়ালিউল্লাহ, সদস্য সচিব

অর্থ উপ-কমিটি

জনাব মোঃ আক্তারুজ্জামান, চেয়ারম্যান

ইভেন্ট ম্যানেজমেন্ট উপ-কমিটি

জনাব ইউসুফ আলী শামীম, চেয়ারম্যান

বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

The ICT Industry Association of Bangladesh

12th Floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka – 1000, Bangladesh
Tel: +880 2 9670955/56, Fax: +880 2 9670955/56 Ext. 108 Email: secretariat@bcs.org.bd, samity@agni.com, URL: www.bcs.org.bd

MEMBERSHIP APPLICATION FORM

Application Date: ______/______/_______

Organization/Company Name			
Trade License No.			
TIN No. of the Proprietor/ Organization/ Company			
Registered / Business Address			
Nature of Business			
Organization/Company Type	☐ Proprietorship	☐ Partnership	☐ Incorporated
Name & Official Contacts of the Person Representing the Organization/ Company (Proprietor/Partner/Director)			
Name as in Business Document			
Position in the Organization/ Company			
Tel		Mobile	
Fax		E-mail	
Blood Group		Website	
Alternate Official Contact			
Contact Person's Name			
Position in the Organization/ Company			
Tel		Mobile	
Email			
Payment Detail	PO/DD No. :	Date:	
	Bank Name:		

I do hereby declare that all the papers, document & information in the Application Form submitted are true and correct.
I also hereby agree unconditionally adhering all the rules & regulations set by Bangladesh Computer Samity (BCS).

Representative's Signature (Please sign above this line) Company Seal

For BCS Office Use Only	Application Receiving Date: ______/______/_______	Money Receipt No. __________

বাংলাদেশ কম্পিউটার সমিতি

BANGLADESH COMPUTER SAMITY

The ICT Industry Association of Bangladesh

12th Floor, Sonartori Tower, Plot # 12, Biponon C/A, Sonargaon Road, Dhaka – 1000, Bangladesh
Tel: +880 2 9670955/56, Fax: +880 2 9670955/56 Ext. 108 Email: secretariat@bcs.org.bd, samity@agni.com, URL: www.bcs.org.bd

Proposer's Consent by any active Member of BCS			
Proposer's Name (as in BCS Member List)			
Name of the Organization/ Company		MID	
Signature, Seal & Date			

Seconder's Consent by any active Member of BCS			
Seconder's Name (as in BCS Member List)			
Name of the Organization/ Company		MID	
Signature, Seal & Date			

The following papers, document & information should be authenticated & submitted along with the Membership Application Form:

a. Attested Photocopy of the Current Trade License, in which the business type should be mentioned as computer and/or ICT and the address in the membership application form should be same as the address in the trade license or the address in Trade License should be authenticated.
b. Attested Photocopy of TIN Certificate in case new tax payer, or current income tax payment receipt in case of existing tax payer, or legal documentary evidence related to income tax payment issues of Proprietor in case of proprietorship company, or that of the company in case of partnership or limited company.
c. Company profile describing capability and experience of the Organization/Company.
d. Attested Photocopy of Memorandum & Articles of Association, in case of incorporated Organization/Company, or Deed of Partnership in case of Partnership Company, in which the business type should be mentioned as computer and/or ICT.
e. Current Bank Solvency Certificate in original in the name of Proprietor in case of proprietorship company, or in the name of company in case of partnership or limited company.
f. Two copies recent colored passport size photo & one business card of the Representative.
g. Attested Photocopy of VAT Registration Certificate, if any.
h. PO/DD in favor of **Bangladesh Computer Samity** amounting Tk. 6,000.00 (Taka Six thousand only) [Membership Registration Fee Tk. 4,000.00 + Yearly Subscription Tk. 2,000.00].

Important notes to follow:

1. BCS Membership procedure must comply with the DTO Rules and Articles of BCS.
2. Organization/Company engaged only in computer and/or ICT business is eligible to be Member of BCS.
3. Registered Address of the Organization/Company must be authenticated and BCS Authority preserves the right to investigate for such authentication.
4. BCS Authority preserves the right to ask any document (including original) of the Applicant other than that mentioned hereinabove.
5. BCS Authority preserves the right to visit the registered and/or business address of the Applicant and membership will be approved only at the satisfaction of BCS Authority upon such visit.
6. BCS Authority at their necessity could call the Representative of the Organization/Company for interview.
7. Organization/Company from Khulna Division and Sylhet Division should submit Membership Application through respective BCS Branch Committee in Khulna & Sylhet.
8. No incomplete Application is acceptable.
9. Nothing confirms BCS Membership other than authentication & verification is completed.
10. BCS Executive Committee is the sole authority to approve or disapprove any Membership Application as per Clause 7 of BCS Memorandum & Articles of Association.